চোখ বুজে আমায় মনের সব কথা বলতে।
অঞ্জলির সেই ফুলটা যখন পায়ে ঠেকেছে
আনন্দ আর উল্লাসেতে মন যে আমার
ভরেছে।
তোমার সব আশা আমি এনেছি বেঁধে আঁচলে
স্বপ্ন সবই সত্যি হবে, রেখো বিশ্বাস তুমি
আমাতে।
আসছে বছর আবার আমি, আসবো তোমার
বাসাতে
হাসি মুখ রেখো, নিজেকে তুমি বলো
"মায়ের বাসা শুধু আমার মনের কুটিরে!"

YOUR RELIABLE REALTOR



PIYUSH DAVE

Ranked in Top 1% Realtors Nationwide!



Cell 734-620-2233

RESIDENTIAL

COMMERCIAL

INVESTMENT

IT'S YOUR FUTURE,

CALL THE EXPERT,

MAKE THE RIGHT MOVE!

Email - dave@pdave.com, Website - www.pdave.com


Cell - 734-620-2233

BROKERAGE WITH REAL ESTATE INE (734) 455 7000

PHULKARI
PUNJABI KITCHEN
SINCE 1990
248·541·3562
WWW.PHULKARIKITCHEN.COM

AUTHENTIC PUNJABI FLAVORS

A TRADITION OF EXCELLENCE



SERVICES WE OFFER

DINE-IN
Authentic Punjabi cuisine in a warm and welcoming atmosphere

PRIVATE EVENTS
Birthdays, Anniversaries & Family Gatherings

CORPORATE EVENTS
Meetings, Luncheons & Team Celebrations

WEDDINGS
Custom Menus for Your Special Day

CATERING
Full Service Catering with Traditional Punjabi Flavors



27707 Dequindre Rd, Madison Heights, MI 48071

www.phulkarikitchen.com

248-541-3562

LOOKING FOR THE RIGHT REAL ESTATE EXPERT?



Trusted advice. Smart strategy.
Results that move you forward.

- Personalized Guidance for Buyers & Sellers
- Local Market Expertise
- Responsive, Hands-On Service
- From First Meeting to Closing

BUYER EXPERIENCE

★★★★★

"Mo is the best Realtor I have ever worked with! She is patient, organized, attentive to every detail, and highly effective in negotiating a fair price. Her guidance made navigating a challenging market much easier."

– ***Greg Burek***
Bought

SELLER EXPERIENCE

★★★★★

"Mo's marketing was spot on. She provided excellent advice, communicated promptly, and went the extra mile. We received an offer the first day and sold above asking. We highly recommend her."

– ***Ram K.***
Sold

Thinking of Buying or Selling?
Let's Talk.



Mo Sarkar

REALTOR® | SOUTHEAST MICHIGAN

330-554-1323
mo@mosarkar.com
www.mosarkar.com
410 N Center St, Northville 48167

Real Estate One

Leading REAL ESTATE COMPANIES OF THE WORLD®

Proudly Serving Southeast Michigan Families & Our Community



DIAZ THOMAS

TAX STRATEGIST AND FINANCIAL PROFESSIONAL

BUILD WEALTH
MANAGE WEALTH
PROTECT WEALTH

Call
248-470-2200

THOMAS & ASSOCIATES

TAX PLANNING, FINANCIAL PLANNING, ESTATE PLANNING AND MORE..

www.thethomasandassociates.com

মণীষা মজুমদার

আগমনী

মাগো,
তুমি আসবে বলে,
বৃষ্টি কে বারবার বলছি
অঝোর ধারায় ঝরিস না
ফিরে যা অন্য কোন স্হানে
তুমি আসবে বলে,
পাখিদের ডাকছি আয় ফিরে আয়।
দমকা ঝড়ে বাসা ভেঙ্গে গেছে বলে
ম্রিয়মাণ হয়ে থাকিস না
আমাদের যে মা আসছে।
তুমি আসবে বলে,
প্রকৃতি কে বারবার বলছি
আর বৃষ্টি ভেজা দিনের মাঝে
আটকে থাকিস না
নতুন করে সাজ।
মা যে পরমা প্রকৃতি।
তুমি আসবে বলে,
শরৎকে বারেবারে ডাকছি
লুকিয়ে থাকিস না।
আপন রূপে বেরিয়ে আয়
তুই যে ঋতুরানী
সারি বেঁধে বকেরা ডানা মেলুক
তোর নির্মল আকাশে।
ঘরে ঘরে মঙ্গল দীপজ্বলুক
শঙ্খ ধ্বনিতে মুখরিত হোক আকাশ
বাতাস।
ধরিত্রী নবরূপে সজ্জিত হোক
মায়ের আগমনীর হরষে।।

আকাশে, বাতাসে আগমনী বার্তা

মা আসছে
শিউলি বিছানো পথে
আসিছে জননী ঊমা
কাশবনে ফুলে ফুলে
লেগেছে দোলা।।
নীল আকাশের কোলে
ডাক দেয় শঙ্খ চিলে
সাদা সাদা মেঘেদের
ভাসিছে ভেলা।।
মধু আহরণের ছলে
মৌ বনে ফুলে ফুলে
আনন্দে ভ্রমরেরা
করিছে খেলা।।
শরতের সোনা মাখা রোদ্দুরে
পাপড়ি মেলেছে লালপদ্ম
কাজলা দিঘিতে যেন সদ্য
বসেছে মেলা।।
রূপে, রসে, গন্ধে প্রকৃতি বিভোর
হাসি খুশি কলতানে মহা হুল্লোড়।
ত্বরা করে এসো মাগো
কাটেনা বেলা।।

প্রণব সরকার

পুজো পরিক্রমা

শরৎকাল এসে গেছে ছেলেবেলার কথা অল্প স্বল্প মনে আছে। বড় হওয়ার কথাও খুব বেশি মনে নেই। সংসারের জাঁতাকলে দুই হাতে রোজগার করলেও অভাব যেন মেটে না। একেক সময় ভাবি দেবাদিদেব মহাদেব সেই কারণেই বোধহয় রোজগারের ধান্দা ছেড়ে চেয়েমেঙ্গে সংসার চালানোর রাস্তা রপ্ত করে নিয়েছে। আসলে সেই সময় দান-ধ্যানের মার্কেট বেশ ভালোই ছিলো তাই অনায়াসে তাঁদের অতগুলো ফ্যামিলি মেম্বার দিব্যি চলে গেছে। অবশ্য মায়ের দুঃখ দেখে গণেশজি খাতা লিখায় বেশ পারদর্শী হয়ে ওঠেন শৈশবকাল থেকেই। ভারতের মতো বাণিজ্য নগরীতে এখন তার রমরমা কারবার। সবাই এক ডাকে গণপত্তি বাবা বলে চেনেন এবং পূজাআর্চাও করেন। মা দূর্গা বহুকষ্টে ছেলে মেয়েদের মানুষ করেছেন। তারা আপন মহিমায় মহিমান্বিত হয়ে প্রতিষ্ঠিত হয়েছে। অর্থের অধিষ্ঠাত্রী দেবী লক্ষ্মী রূপে ও গুনে দুয়েই সমান। কেউ আবার অস্ত্র বিদ্যায় পারদর্শী দেব সেনাপতি কুমার কার্ত্তিক, বহু বঙ্গ ললনা আকাঙ্খিত দেবতা। আবার বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী সরস্বতী ছাত্র সমাজের আরাধ্য দেবতা। তার অবাধ্য হওয়ার যো নাই।

জীবনের যাঁতাকলে অতীত কেবলই স্মৃতি হয়ে ঘুরপাক খায় সংসারের গোলক ধাঁধায়। পুজো মানে এখন স্মৃতি নয় এখন রীতিমত ভীতি। অফিসের পরবি, ক্লাবের চাঁদা, সন্তান-সন্তোতির দাবি, গৃহিনীর আবদার সব কিছু মেটাতে হবে হাসি মুখে। মুখ ভার করে এদিক ওদিক শব্দ খরচ করলেই আর রক্ষে নেই। সংসার করলে হবে খরচা আছে প্রায় এধরনের স্লোগান লেগেই আছে। কাজেই নীরব থাকাই নিরপত্তার রক্ষাকবজ মনে করে পুজোর দিন গুলোতে ঘরে বসে নাইট গার্ডের দায়িত্ব পালন করা আর শারদীয় সংখ্যা হাতে নিয়ে বিনোদনের রসদ খুঁজে বেড়াই যদি একটুখানি সন্ধান পাওয়া যায় সেই অমৃত কুম্ভর। পুজোর একমাস আগে থেকেই কাউন্টডাউন শুরু হয়ে যায়। কেউ নিবে বাবাসুট, কেউ নিবে রিমন্ডের সাফারি, কারও পছন্দ চুড়িদার, কারও পছন্দের শাড়ি বালুচুরি অথবা স্বর্ণচুরি। প্রযুক্তির যুগে বিজ্ঞাপনের ঝলকানি লেগেই আছে মপেট কিনলে লকেট ফ্রি, গাড়ি কিনলে শাড়ি ফ্রি এসব ফ্রি আর ফ্রি শুনতে শুনতে এক একসময় মনে কখনো হয়তো এমন সুযোগও আসবে যে মোটর সাইকেল কিনলে রাইফেল ফ্রি। অসুর বাহিনীর লম্বা লাইন পড়ে যাবে। কে কার আগে পছন্দের রাইফেলটি সংগ্রহ করতে পারে কারণ এখন আর মহিষে চেপে ঢাল তরোয়ালে যুদ্ধ চলে না। প্যান্ডেলে প্যান্ডেলে বহু আগেই গরুমোষের গাড়ি নো এন্ট্রি হয়ে গেছে। পুজোর ধ্যানধারণাও পাল্টে গেছে। প্রথমে ছিলো চিন্ময়ী, পড়ে এলো মৃন্ময়ী এখন তা থেকে থিমময়ী।

পুজোর আগে এমনিতেই কাজের চাপ থাকে বেশি সময় মতো মাল কেনা, পছন্দের জিনিসে পসরা সাজাতে খদ্দেরের চাহিদা মেটাতে সর্বশক্তি নিয়োগ করতে হয়। কদিন হোলো বেশি রাত করে ঘুমোতে হয়। শরীরটাও ভালোনা ভাবছি কথাও একটুখানি গা ঢাকা দিলেও মন্দ হয়না। এমন সময়ে হঠাৎ টেলিফোনটা বেজে উঠলো। অপর প্রান্ত থেকে নারী কণ্ঠ শুনে একটু নড়ে চড়ে বসলাম। ইনিয়ে বিনিয়ে বলছে বলতো আমি কে? দীর্ঘদিন পরে কারও কণ্ঠস্বর শুনে বলা বড় কঠিন। কে বলছেন বলুন তো? বলছি বলছি চিনতে পারলে না তো? কেমন স্ট্যান্ড দিলাম বলো। আমি গো আমি সেই লতা। এক নিমিষে আমি পৌঁছে গেলাম ষাটের দশকের শারদ সন্ধ্যায়। সেই লতা পুরো নাম ললিত লবঙ্গলতা। দুই বোন ছিলো ওরা ছোট বোনের নাম কামিনী কাঞ্চনলতা। নাম তো নয় যেন আস্ত একটা মালগাড়ি। সই করার সময় কলমটা ইঞ্জিনের মতো মালগাড়ি টেনে নিয়ে যেত। একসাথে ঠাকুর দেখার মজাই তখন ছিলো আলাদা। এখনকার মতো বিজ্ঞাপনদাতা আয়োজিত আরামবাগের তাজা (মরা) মুরগির মতো মজা নয়। কেবল ঠাকুর দেখাই নয়, সেই সাথে পদযাত্রার প্রতিযোগিতা হতো কে কত

হাঁটতে পারে। পকেট পুষ্ট হলে বাবাজি মিষ্টান্ন ভাণ্ডারই যথেষ্ট ছিলো। আমি বলতাম অতো বড় নাম ধরে ডাকা দায়। কাজেই লতা বলেই সেই থেকে ডাকা শুরু হোলো। সেই লতাও একদিন কন্টক লতার মতো আমার হৃদয়টা কে ক্ষতবিক্ষত করে অন্যের কণ্ঠে শোভিত হতে লাগলো সানন্দে, কোনো আক্ষেপ নেই। বাথরুমের পোশাক পরিবর্তনের পরে ছাড়া পোশাক যেমন পরে থাকে আমি এখন সেই ছাড়া কাপড় থেকে ছেড়া কাপড়ের দলে অন্তর্ভুক্ত। তবু লতা তো ভালো আছে। নতুন বাড়ি করেছে, স্বামী পুত্র পুত্রবধূ নাতি নাতনি নিয়ে বেশ আছে। একবার যাওয়ার জন্য খুব অনুরোধ করাতে কথা দিলাম যাবো কিন্তু পুজোর পড়ে। কারণ পুজোর সময় কাজের চাপ থাকে খুব বেশি। অনেকদিন পড়ে লতার ফোনটা যেন ফেলে আসা অতীতকে নাড়া দিয়ে গেলো। মনে মনে একটা পরিকল্পনা করে নিলাম হঠাৎ করে লতার বাড়িতে হাজির হবো গাড়ি নিয়ে ।

সেদিন হয়তো আমার হতদারিদ্রই একমাত্র কারণ ছিলো একসাথে জীবনের শেষ দিন পর্যন্ত সাথী না হওয়ার। আজ খানিকটা হলেও আমি স্বচ্ছন্দে আছি আর পাঁচ জনের চাইতে। তাই ভাবলাম যাবো একবার অতীত কে ফিরে দেখতে তার রূপ-রস-গন্ধ-বর্ণ কিভাবে পরিবর্তিত হয় তা স্বচক্ষে যাচাই করে নিতে। এসব সাতপাচ ভাবনায় মনটা যখন সিরাজ হতে চায় তখন ভাগ্য মীরজাফরের মতো ম্যানেজার বাবুর ডাক এসে গেলো। আজই শেষ ব্যাঙ্ক তাড়াতাড়ি যেতে হবে অনেক গুলো চেক আছে। ফার্স্ট আওয়ারে জমা না দিলে ক্লিয়ারেন্স হবেনা। এক নিমিষেই চৈতন্য ফিরে এলো আবার ব্যাঙ্ক, মালতোলা, গাড়ির জোগাড় সব যেন সুনামির মতো এক লহমায় সাহিত্যের বাসরঘর ভেঙে চুরমার করে দিলো। কর্তব্য সাধনই জীবের ধর্ম তাই কথা না বাড়িয়ে নাকে মুখে কিছু দিয়ে দুগ্গা দুগ্গা বলে বেড়িয়ে পড়লাম। জেলা শহরে পুজোর সময় বেশ ভিড় থাকে কেনাকাটার সাথে সাথে পকেট কাটার দলেরও ব্যাঙ্কের দেওয়ালে বড় বড় করে লিখা আছে পকেটমার হইতে সাবধান। পুজোর মুখে প্রচন্ড ভিড়, ম্যানেজার বাবু অতো টাকা নেই বলে একখানা ধরিয়ে দিয়ে বললেন স্টেট ব্যাংকে চলে যান, সেখানে আমাদের একাউন্ট আছে যাওয়ার সাথে সাথে টাকা পেয়ে যাবেন। যথারীতি ব্যাঙ্ক ম্যানেজারের স্বাক্ষরিত চেক পকেটে করে ভাবলাম আজই তো শেষ ব্যাঙ্কের কাজ। কাজেই কয়েকদিনের লম্বা অবকাশ। হাতে যখন কিছুটা সময় আছে তখন লতার সাথে একটু কথা বললে মন্দ হয়না। বুথের সামনেও বেশ ভিড়। মোবাইলে বিল বেশি ওঠে তার ওপর নট রিচাবল আউট অফ অর্ডার থেকে সুইচ অফের মতো ক্যাসেটের কথা গুলো পড়পড় বাজতে থাকে। তাছাড়া বুথে দিয়ে গিয়ে ফোন করলে নম্বরটা কেউ জানতে পারবেনা সেদিক থেকেও খানিকটা নিরাপদ। কিছুক্ষণ দাঁড়িয়ে দাঁড়িয়ে পা ব্যথা হয়ে গেলো কিন্তু ফাঁকা পাওয়া গেলোনা। কারণ আমার পুববর্তী বক্তার কথা কখন শেষ হবে কে জানে।

তাই ব্যর্থ হয়ে যখন ফিরে আসছি তখন পকেটটা কেমন জানো হালকা মনে হোলো। হাত দিয়ে দেখি সব খালি এ পকেট সে পকেট হাতড়ে প্রয়োজনীয় কাগজপত্রদি টাকাপয়সা না পেয়ে আবার ব্যাংকে ছুটলাম। ম্যানেজার বাবুর সাথে দেখা করে সব কথা জানালাম। ম্যানেজার বাবু সাথে সাথে স্টেট ব্যাংকে ফোন করে যে কথা জানালেন তাতে আমার হৃতকম্প শুরু হয়ে গেলো। স্টেট ব্যাঙ্ক থেকে ফোনে জানিয়েছে মিনিট পাঁচেক হোলো ওই চেকে সই করে ধপধরস্ত এক ভদ্রলোক এসে সই করে পেমেন্ট নিয়ে গেছে। এক নিমিষে মনে হোলো আমি এখন কাশ্মীরের উড়ি অঞ্চলে। আমার জীবনের সব কিছু শেষ হয়ে গেলো একটু অসাবধানতার জন্য। এখন কেবলি হাহুতাশ। মাথায় আসছেনা কী করবো এখন? জীবনে কখনো এমন অসহায় অবস্থায় পড়িনি। মাথা ঝিমঝিম করতে লাগলো দম বন্ধ হয়ে আসছে। চিৎকার করে বলছি আমি আজ নিঃস্ব হয়ে গেলাম। এর জন্য দায়ী আমার ভাগ্য আর কিছুটা হলেও সেই হতোভাগিনী লতা, যার জন্য আমার এই হেনস্থা। চিৎকার করে কাউকে বলতেও পারছিনা। হ্যাঁ তুমিই দায়ী তুমি আমার জীবনটাকে এভাবে ছারখার করে দিলে লতা..... লতা..... লতা..... চোখে জল এসে গেলো। আমার সম্মুখে এখন কেবলই অমাবস্যার রাত, ঘন কালো নিকষ অন্ধকার। এমন সময়ে কপালে কষাঘাতের পরিবর্তে কোমল হাতের ছোঁয়া অনুভব করলাম। সে আর কেউ নয় স্বয়ং আমার সহধর্মিনী শিয়রে দাঁড়িয়ে বলছে কী

সব ঘুমের ঘোরে আবোল তাবোল বলছো তাল..... তাল..... তাল.....। আরে বাবা আমি তো জানি বিজয় দশমীর সকালে দেবীপ্রণাম সেরে দশ রকমের রান্নার জোগাড় দিতে হয়, তোমার প্রিয় তালের বড়াও একটা। এখনি ভাজলাম চোখে মুখে জল দিয়ে খেয়ে দেখো কেমন হয়েছে। এই বলে টেবিলে প্লেটটা রেখে যেতে যেতে বলে গেলো আমি এক্ষুনি চা নিয়ে আসছি। এতক্ষণে সম্বিৎ ফিরে পেলাম। যা কিছু ঘটেছে সবই তাহলে ঘুমের ঘরে স্বপ্নে। মা দুর্গাকে শতকোটি প্রণাম জানালাম। কবে আদি কবি বাল্মীকি মরা মরা বলতে বলতে রাম রাম উচ্চারণ করেছিলেন জানিনা তবে আজ আমার দিব্যজ্ঞান ফিরে এলো লতা থেকে তালে রূপান্তরিত হয়ে। জীবনের তাল ছন্দে এভাবেই তো আমরা মেতে আছি শারদ উৎসবে যুগ যুগ ধরে। হাতে মুখে জল দিয়ে গরম গরম তাল বড়া মুখে পুড়তেই গিন্নি প্রবেশ করলো দুগ্ধবর্ধিত তপ্ত কাঞ্চন বর্ণ এককাপ চা নিয়ে। যেমন তার সুগন্ধ তেমনি রঙটিও যেন গোলানো সোনা। পরম তৃপ্তিতে চুমুক দিতে দিতে বললাম কাল অনেক রাত হয়ে ছিলো ঘুমোতে তাই আজ একটু দেরী করে উঠেছি। ভাগ্গিস তুমি সময় মতো ডেকেছো। আরেকটু দেরী হলে যে কী হত কে জানে। মুখ ফস্কে কখন যেন দুর্গামন্ত্র নতুন ভাবে উচ্চারিত হয়েছে জানিনা তবে তাকে উদ্দেশ্য করে বলে উঠলাম – "যা দেবী সর্বভূতে সু গিন্নি রূপেণ সংহস্থিতা মনোস্তত্ব মনোসংত্তো মনোসংত্তো জানো মম।" সে এক গাল হেসে বললো ধ্যাৎ এতটা বয়স হোলো তবু তুমি আগের মতোই থেকে গেলে ।

দিব্যেন্দু ভট্টাচার্য্য

পাতালে পাপক্ষয়



চরিত্র: সব্য, কমল, প্রসুন, অনীল, বৃদ্ধ/যম

[ট্রেনের পিএ তে ঘোষণা শোনা যায়, "স্টেশন, মহাত্মা গান্ধী রোড, প্লাটফর্ম ডানদিকে পড়বে ..."]

[এক মাঝ বয়সী/বৃদ্ধ লোককে ট্রেন কামরাতে বেঞ্চি বসে থাকতে দেখা যায়,
অল্প বয়সী তিন ছেলে সব্য, কমল, প্রসুন কামরায় প্রবেশ করে]

সব্য: হারামজাদা গার্ডটাকে ধরে ক্যালাতে হয়!! ওফ, এমন দরজায় ধাক্কা মারল –

কমল: হ্যাঁ, দেখছে শালা আমরা আসছি –

প্রসুন: আরে ও-ও-ও ইচ্ছে করেই আমাদের দরজায়ে ধা -ধা -ধা-ধা ক্কা মারছিল –

কমল: রোজ দেখছে আমরা নটা চল্লিশের গাড়ী ধরি, একটু দাঁড়াতে কি হয়?

প্রসুন: ঐ স-স-স সব্য, পরশুদিন, ওর মেয়েকে সি-সি-সি টি মেরেছিল –

সব্য: মাইরি? ঐ মালটা মান্তর বাপ?

প্রসুন: হ্যাঁ –

কমল: ঠিক বলেছিস রে !! এখন মনে পরেছে ! আমি ওকে মাঝেরপাড়ায় দেখেছি! আসলে ঐ টিটির কালো কোটটা পরলে –

প্রসুন: অন্য রকম দ্যাখায় – ঐ সেদিন যেমন গোবিন্দ দারোগাকে সিভিল ড্রেসে চিনতে না পেরে ভুঁড়িদাস বলেছিলি –

কমল: মাইরি, ওটা কিন্তু হেভি কেলো হয়ে যাচ্ছিল –

প্রসুন: হয়ে যাচ্ছিল মানে, অলরেডি হ -হ -হ -হ হয়ে গ্যাছে ! (বসে থাকা বৃদ্ধ লোক কে বলে) ও দাদু একটু সরে বসুন না – আমার তো ভয় লাগে , কোনদিন না আমাদের জে- জে- জে- জে- জেলে পুড়ে দ্যায় –

সব্য: এ ব্যাটার সব কিছুতেই ভয় !

কমল: আরে না না , জেলে পুড়বে না, তবে কিনা একটু সাবধানে চলতে হবে, এই আর কি – সরি বস, কি করে বুঝব – এই জামার ওপর একটা মাত্র বোতাম লাগান – এই এত বড় ভুঁড়ি – হাফ প্যান্ট পরে ভুতোর মাছের দোকানে তড়পাচ্ছে – ফট করে মুখে এসে গ্যাল মাইরি –

সব্য: এই প্রসুন, তুই শালা শিওর দেখেছিস, গার্ডটা মান্তর বাপ ?

প্রসুন: শি-শি-শি- শিওর !

কমল: কি? এখন মেয়েটাকে ফেলে বাপকে পটাতে যাবি ? আইডিয়া টা মন্দ নয় –

সব্য: না না তা না – এই অনীল আজ এল না কেন রে ?

প্রসুন: ও- ও- ও- ওর টিউশন আছে, প-পরের স্টেশনে উঠবে বলেছে – ও দাদু একটু সরে বসুন না

বৃদ্ধ: কোথায় সরে বসব ?

[ট্রেনের পিএ তে ঘোষণা শোনা যায়, "পরবর্তী স্টেশন, সেন্ট্রাল, প্লাটফর্ম বাঁদিকে পড়বে ..."]

সব্য: ও দাদু দেখছেন না, আমরা সবাই একটু ভি আই পি লোকজন – একটু সরে বসুন!!

বৃদ্ধ: আর জায়গা নেই বাবা !

প্রসুন: ঐ দিকে আছে জায়গা বা- বা- বা- বাবা !!

কমল: আরে ছাড় না !

প্রসুন: আরে কোন ক্রমে পে-পে-পে-পেছন ঠেকিয়ে ব-বসে আছি –

সব্য: আরে তাই থাক –

কমল: অ্যাই সব্য গানটা ধরত –

[ট্রেনের পিএ তে ঘোষণা শোনা যায়, "স্টেশন, সেন্ট্রাল, প্লাটফর্ম বাঁদিকে পড়বে ..."]

সব্য: দাঁড়া না, অনীল উঠুক আগে –

অ্যাই দ্যাখতো অনীল আছে নাকি স্টেশনে?

প্রসুন: ও ওই তো শালা ও ও ওই দিকে –

কমল: চল চল গানটা ধরি

[সবাই মিলে গান করে]

সব্য-কমল- প্রসুন: মাথার ঘন চুল যখন মরুভূমি হয়ে যায়,
ওয়েসিস নিয়ে আসে মরূদ্যান মেঘের ছায়ায়, মেঘের ছায়ায়

[গান গাইতে গাইতে অনীল প্রবেশ করে ও সমবেত সুরে গলা মেলায় ।]

ওয়েসিস খুস্কি তাড়ায়, ওয়েসিস উকুন ও মারে,
ওয়েসিস ডাবল অ্যাকশন হেয়ার ফারটিলাইজার –

বৃদ্ধ: এটা কি হচ্ছে ভাই ?

সব্য-কমল- প্রসুন: গান হচ্ছে দাদু!

অনীল: কি রে মান্তুর বাপকে দেখলি ?

সব্য: হ্যাঁ রে শালা, এই ট্রেনে গার্ড দিচ্ছে –

প্রসুন: আমাদের দরজায় পি-পিষে মারছিল –

কমল: তোকে কি বলল ?

অনীল: আরে কি আর বলবে, জিজ্ঞেস করল আমি কেমন আছি, বাবা কেমন আছে –

প্রসুন: সে-সে কি রে, তো তো কে খুব পছন্দ হয়েছে মনে হয়, জামাই ক-ক- করবে নাকি ? চি চিনলি কি করে তুই ওনাকে ?

অনীল: আরে চিনব না কেন? ওই তো আমাদের ছোটনদার গ্যারেজে আসে, সাইকেলে হাওয়া ভরাতে ... মাঝে মাঝে বিনা পয়সায় হাওয়া ভরে দি –

সব্য: কেন দিস ?

কমল: কি উদ্দেশ্য তোর ?

প্রসুন: মা- মা- মা- মান্তুকে কিন্তু

সব্য: আমি আগে বুক করেছি –

অনীল: আরে ধুর, তোদের যত সব !! আরে ওনার সাথে রেলের বড়বাবুর সঙ্গে জানাশোনা আছে, তাই একটু হাতে রাখা আর কি – বুঝলি না, বাবা রিটায়ার করবে আর কদিন পরেই .... তাই আমার একটা চাকরির খুব দরকার –

সব্য: তোর এই মধ্যবিত্ত সেন্টু মারা কথা এবার বন্ধ কর –

কমল: কেবল শালা, চাকরি আর চাকরি!

প্রসুন: চাকরি করে কেউ কি কখনো ব-ব-ব- বড়লোক হয়েছে?

সব্য: তা তোর টিউশন কেমন চলছে? মেয়েটা ক্যামন ?

অনীল: ওই চলেবল আর কি –

কমল: চলেবল সে কি রে ?

প্রসুন: বেশী ক-ক-ক-কথা কয় না –

অনীল: আরে ওর মা খুব ভাল, বেশ বাবা বাছা বলে খেতে দেয় – আর এমনি খুব ভাল আর কি –

সব্য: সে কি রে – আমি তো জানতাম আমিই শুধু – আজকাল দেখছি তুইও মাসিমা কাকিমাদের –

[ট্রেনের পিএ তে ঘোষণা শোনা যায়, "পরবর্তী স্টেশন, এসপ্লানেড, প্লাটফর্ম ডানদিকে পড়বে ..."]

প্রসুন: ও দাদু ঘুমালেন নাকি ?

সব্য: দাদুর ঘুম পেয়েছে ?

কমল: এই চল, গানটা ধরি –

[সবাই মিলে গান করে]

সব্য-কমল- প্রসুন-অনীল: মাথার ঘন চুল যখন মরুভূমি হয়ে যায়,
ওয়েসিস নিয়ে আসে মরূদ্যান –

বৃদ্ধ: চোপ !!

প্রসুন: বাবা দা-দা-দা-দাদুর তো বেশ –

বৃদ্ধ: আর একবার চিৎকার করলে –

সব্য: কি করবেন দাদু? বৃদ্ধ:জিব টেনে ছিঁড়ে ফেলবু

সব্য: তা দাদু , আপনি কোন হরিদাস ?

প্রসুন: যে আমাদের জি-জি-জি-জিব টেনে ছিঁড়ে ফেলবেন ?

বৃদ্ধ: আমি যম !

কমল: কার ?

সব্য: আরে ধুর, কার আবার কি ?

কমল: না যম তো কারও সাপেক্ষে হয়, তাই না ... ওই যে কথায় বলে না ... অমুকের যম, তমুকের যম –

প্রসুন: চু-চু চুপ কর তো তোর বুকনি, যম হল য- য- য- য-

সব্য: যম –

অনীল: কিন্তু –

বৃদ্ধ: কোন কিন্তু নয়, আমি যম , স্রেফ যম !

সব্য: তা যম দাদু আপনি এত চটে যাচ্ছেন কেন ?

বৃদ্ধ: তখন থেকে দেখতে পাচ্ছি , বকর- বকর- বকর আর বেলেল্লাপনা !

কমল: তা দাদু , এই বয়সে সবাই একটু আধটু এই রকমই হয়, আপনিও তাই ছিলেন –

অনীল: তাই কি – আমার তো মনে হয় –

প্রসুন: তা দাদু , আপনি কি যা- যা- যা- যা- যাত্রার যম ?

[আলো অন্ধকার হয়ে আসে, বিদ্যুৎ চমকায়, বৃদ্ধরূপী যম গায়ের চাদর খুলে ফেলে, তার পরনে যমের পোষাক দ্যাখা যায়। যম অট্টহাস্য হাসে]

যম: না আমি যম, আমি সত্যিই যম, হা-হা-হা -হা –

সব্য: এই সবকিছু দুলছে –

কমল: ভূমিকম্প হচ্ছে –

অনীল: চারদিকে আগুন জ্বলছে – দাদু কি করলেন আপনি ?

যম: আমি তোদের পাতালে নিয়ে যাচ্ছি –

প্রসুন: কি আ-আ-আ আনন্দের কথা – পাতালরেল পাতাল ছাড়া চ-চ- চলে নাকি?

যম: তাও তো বটে – কিন্তু এ পাতাল সে পাতাল নয় –

সবাই: তবে কোন পাতাল?

যম: পাতালপুরী –

[ট্রেনের পিএ তে ঘোষণা শোনা যায়, "পরবর্তী স্টেশন, পাতালপুরী, প্লাটফর্ম বাঁদিকে পড়বে ..."]

কমল: আরে এতো সত্যি ট্রেনটা আমাদের পাতালপুরী নিয়ে যাচ্ছে!

অনীল: আমরা ছেড়ে দিন যম স্যার !

সব্য: আমরা ফ্রিতে বেড়াতে যেতে চাই না –

প্রসুন: আ-আমি মার কাছে যাবো-মা-মা-মা মাগো !

যম: চোপ, আর একবার যদি ওই ভেড়ার মত চিৎকার করেছিস –

কমল: আমরা দোষ কি করলাম যমদাদু?

যম: মিথ্যাচার, অনাচার – তোদের মৃত্যুর শমন আছে আমার কাছে –

সব্য: কিন্তু এখন কি করে মরবো ? এখনো তো বিয়েই হল না আমাদের ?

যম: খুব একটা কিছু মিস করবি না তাতে, বরং পরে আমায় থ্যাঙ্ক ইউ বলবি –

প্রসুন: য- য- য- য-যম স্যার, এসব কথা আপনি বলতে পারেন, কি-কি কিন্তু আমরা এখনো কচি মানুষ –

কমল: যম স্যার আমাদের এবারের মত ছেড়ে দিন, আমরা কখনো আর ওয়েসিসের অ্যাড গাইবনা –

[ট্রেনের পিএ তে ঘোষণা শোনা যায়, "স্টেশন, পাতালপুরী, প্লাটফর্ম বাঁদিকে পড়বে ..."]

অনীল: ওরে জানালা দিয়ে সব রাক্ষস খোক্কস দ্যাখা যাচ্ছে –

সব্য: ওরে রাক্ষসীও আছে ... যম স্যার, বলছি কি একটু আলাপ করা যায়, শেষ বেলায় যা পাওয়া যায় আর কি ?

যম: চোপ –

অনীল: যম স্যার, প্লীজ এ কামড়ায় রাক্ষসদের উঠতে দেবেন না –

যম: ওরা উঠবে না –

প্রসুন: কে কে কে কেন উঠবে না ?

যম: আমি বলছি তাই উঠবে না –

[ট্রেনের পিএ তে ঘোষণা শোনা যায়, "পরবর্তী স্টেশন, যমালয় ..."]

অনীল: সেরেছে যমালয়!!

সব্য: যম স্যার প্লীজ ট্রেনটা থামিয়ে দিন ?

যম: থামাব ?

সবাই: হ্যাঁ, হ্যাঁ –

যম: ঠিক আছে থামাচ্ছি, কিন্তু একটা শর্তে ।[ট্রেন থামে] আমার কথা না শুনলে গাড়ি কিন্তু সিধে যমালয় যাবে –

সবাই: কি কথা ?

[সেল ফোনের রিংটোন বাজে, যম পকেট থেকে সেলফোন বার করে কানে দেয়,
নেপথ্যে যমগিন্নীর কথা শোনা যায়]

যমগিন্নী: কি ভেবেছ টা কি ? যম হয়েছ বলে কি মাথা কিনে নিয়েছ ? সারাদিন দ্যাখা নেই আর আমি এদিকে একা একা বাচ্চা সামলাচ্ছি ... রান্না করা, বাথরুম পরিষ্কার করা এসব কে করবে ? এক ঘণ্টার মধ্যে না এলে দ্যাখো তোমাকে আমি কি করি !!

[ফোন কেটে যায়, যম অস্বস্তিভরা দৃষ্টিতে সবাইএর দিকে তাকায়, তারপর মুচকি হেসে বলে]

যম: তোরা সব পাপিষ্ঠ, কিন্তু কচি ... তাই তোদের একটা সুযোগ দিচ্ছি –

সবাই: কি সুযোগ?

প্রসুন: ব-ব-ব-বলুন না যম কর্তা –

যম: তোরা তোদের জীবনের সবচেয়ে বেশী যে ঘৃণ্য বা জঘন্য কাজ করেছিস সেটা স্বীকার করলে ছেড়ে দেব –

কমল: কোন পাপটা ? ঘৃণ্য না জঘন্য ?

সব্য: আরে ধুর , চুপ কর না !

কমল: না, টু দি পয়েন্ট হওয়া উচিৎ , রিস্কটা একটু বেশী কি না –

যম: সবচেয়ে ঘৃণ্য বা জঘন্য যে কোনও একটা পাপ স্বীকার করলেই হবে –

অনীল: টু দি পয়েন্ট হল তো ? নাও এবার বোঝো –

প্রসুন: আরে এ-এটা আর কি ব্যপার ? যে কোনও একটা ঢ-ঢ-ঢ-ঢপ মেরে দিলেই তো হল !

যম: ঢপ মারলে হবে না ... এটা দেখছিস ... এটা হল যমদণ্ড ... সত্যি সত্যি সবথেকে ঘৃণ্য বা জঘন্য পাপ স্বীকার করছিস কি না তা এতে ধরা পড়বে –

কমল: আরে এটা তো একটা পাতি চপস্টিক!

যম: দেখবি, চপস্টিক না যমস্টিক?

প্রসুন: ম্যা ম্যা ম্যা ম্যাজেস্টিক যমস্টিক!!

সব্য: চুপ কর না তোর এই হাবিজাবি পয়েন্ট –

অনীল: মিথ্যে বললে কি হবে?

যম: মিথ্যে বললে পিঠে এর বাড়ি পড়বে –

সবাই: [সমস্বরে হেসে] ওরকম বেতের বাড়ি আমরা অনেক খেয়েছি –

যম: এই বেত খেলে সব সত্যি বেরোবে, আর বেশী খেলে সিধে যমালয় পৌঁছে যাবি । আর বেশী মিথ্যে বললে গাড়ীও তখন যমালয়ের দিকে চলতে শুরু করবে – হা-হা হা-হা হা-হা হা-হা –

কমল: যমালয় কি লাস্ট স্টেশন ? না কি ওর পরেও কিছু আছে ?

অনীল: ধুৎ, তোর তাতে কি দরকার ?

কমল: না জেনে রাখা ভাল, কখন কি কাজে লাগে ... আছে নাকি যম স্যার?

যম: যমালয়ের পরের স্টেশন হল নরক !!

সব্য: অসাধারণ !!

প্রসুন: খু-খু-খু-খুশী তো ?

যম: অনেক প্রশ্ন চলেছে, আনেক হাবিজাবি কথা হয়েছে, এবার একে একে ঝেড়ে কাশ তো বাবা – মিথ্যে বললে কিন্তু এই যমদণ্ড তীব্র যন্ত্রণা দেবে – এই তুই এদিকে আয় ।

কমল: যা না তোকে ডাকছে ।

যম: না না তুইই ... তোকেই ডাকছি ... এদিকে আয় –

কমল: আমি স্যার?

যম: হ্যাঁ ... তোরি তো বেশী প্রশ্ন ... তাই তোকে দিয়েই শুরু করি ... হুম ... আমার রিপোর্ট বলছে তুই বাচাল ... বাতিকগ্রস্থ – অত্যাধিক কথা বলিস – সবজান্তা ভাব –

কমল: এটা কি দোষের হল? এর জন্যে যমের শমন !

যম: চোপ – বল জীবনে সবচেয়ে জঘন্য কি পাপ করেছিস ?

কমল: নিরস্ত্র মানুষ কে এই ভাবে টর্চার করা !

যম: বল-- বল-- বল-- [যমদণ্ড দিয়ে অদৃশ্য শক্তি বলে আঘাত করতে থাকে]

কমল: আ- আ- লাগছে !

যম: বল- বল- জীবনে সবচেয়ে জঘন্য কি পাপ করেছিস ?

প্রসুন: আমার বা-বা-বা-থরুম পেয়েছে মাগো !

যম: চোপ –

কমল: আমি বাথরুমে গেলে ছবার হাত ধুই ... তিনবার আগে – তিনবার পরে –

যম: হল না !

কমল: আমি ট্রেনে ওঠার আগে তিন কম্পার্টমেন্টের লোককে জিজ্ঞেস করি, "দাদা এটা কোন লোকাল" ?

যম: হল না !

কমল: সুটকেসে তিনটে তালা লাগাই –

যম: হল না !

কমল: সদর দরজা তিনবার টেনে দেখি বন্ধ হল কিনা –

যম: আমি তোর অভ্যাসের কথা জিজ্ঞেস করছি না, তোর পাপের কথা জিজ্ঞেস করছি রে হতভাগা –

প্রসুন: য-যম স্যার, ও হল জ্ঞা-জ্ঞা-জ্ঞা-জ্ঞানপাপী, ওর অভ্যাসটাই পাপ –

যম: থাক তোমাকে আরে জ্ঞা-জ্ঞা-জ্ঞা-জ্ঞান দিতে হবে না – যখন তোমার সময় আসবে তখন বলবে।

কমল: আমি প্রপোজ করতে হলে, একসাথে তিনটে মেয়েকে প্রপোজ করি, কোনটা লাগবে তো বলা যায় না –

যম: তোর এই তিনের গল্প যদি আর একবার শুনেছি, তো তোকে সিধে যমালয় পাঠিয়ে দেব।

[যমদণ্ড দিয়ে অদৃশ্য শক্তি বলে আঘাত করতে থাকে] বল কি পাপ করেছিস – বল –

কমল: আ লাগছে, লাগছে খুব –

যম: বল, বল –

কমল: বলছি, বলছি – বর্ষায় ভোরবেলা একদিন দৌড়তে বেরিয়েছি – জগ করতে করতে পাড়ার মোড়ে যেতেই, দেখি, বিশুর দাদু কাদায় আছাড় খেল, সিধে রাস্তার উপর কুপোকাত। আমি বললাম, দাদু উঠুন – দাদু বলল পারছি না, অ্যাম্বুলেন্স ডাক, ডাক্তার ডাক। আমি ভাবলাম, এই সামান্য ব্যপারে কি আর ডাক্তার ডাকবো – আমি নিজেই কেননা একটু চেষ্টা করে দেখি –

যম: তা, কি চেষ্টা করলি ?

কমল: দাদুর হাত ধরে দিলাম এক টান, কিন্তু দাদু উঠতে পারল না। দাদু শুধু কোঁকাতে লাগল। বলল, "জল খাব"। তা আমি ভাবলাম জল খেলে কি আর দাদু শক্তি পাবে, কিন্তু দুধ খেলে শক্তি আসবে।

যম: তা দুধ আনলি ?

কমল: হ্যাঁ – পাশেই একটা গরু দাঁড়িয়েছিল – তার ল্যাজে তিনটে মোচড় দিয়ে দাদুর পাশে এনে দাড় করিয়ে দিলাম –

যম: তো, গরু দুধ দিল ?

কমল: না, জল দিল। দাদু যা চেয়েছিল আর কি –

যম: হতভাগা, দাদুর মুখে গরুর জল –

কমল: না স্যার, জলের সঙ্গে টল ও দিয়েছিল –

যম: হতভাগা – টল ও দিয়েছিল – অ্যাঁ! হত-ভাগা!! দাঁড়া দ্যাখাচ্ছি – [যমদণ্ড প্রয়োগ করতে থাকে]

কমল: আ লাগছে, লাগছে, যম স্যার আপনি তো বলেছিলেন স্বীকার করলে ছেড়ে দেবেন –

যম: ছেড়ে দেবো কি না পরে ভেবে দেখছি – এখন যা ওখানে গিয়ে বস – হতভাগা, দাদুর মুখে গরুর জল – এই তুই এবার এদিকে আয় –

সব্য: আমি যম স্যার ?

যম: হ্যাঁ, তুই – বল জীবনে সবচেয়ে জঘন্য কি পাপ করেছিস ?

সব্য: আমি কোনো পাপই করিনি – আমি একেবারে ফুলের মত নিষ্পাপ –

প্রসুন: শা- শা- শা- শা- শা- শালা।

যম: চোপ, তোকে কি আমি কথা বলতে বলেছি ? তা তুই কোনও পাপই করিস নি ?

সব্য: না –

যম: হুম! আমার রিপোর্ট তোর সম্বন্ধে বলছে, অত্যধিক নারীপ্রীতি –

প্রসুন: পাতি বাংলায় যাকে বলে মে - মে- মেয়েবাজ –

যম: এই চোপ, তুই আবার কথা বলছিস – রিপোর্টে আরও বলছে নারীপ্রীতির ব্যাপারে কোন বাছ বিচার নেই –

সব্য: কেষ্ট ঠাকুরের মত জগতে প্রেম বিলানোটাই আমার কাজ !

যম: আবার মিথ্যা কথা, বল তুই কোনও পাপা করিস নি ? [যমদণ্ড প্রয়োগ করতে থাকে] বল- বল- বল –

সব্য: আ লাগছে –

যম: বল- বল-

সব্য: ওই একবার শুধু অনিলদের বাড়িতে –

যম: অনিল আবার কি করেছিল ?

সব্য: না অনিল কিছু করে নি, ও তো খুব ভাল ছেলে ! ওদের বাড়ীর ঝিটাই যা করার করেছিল –

যম: কি করেছিল ?

সব্য: সেকথা বলতে আমার লজ্জা করে –

যম: ছ্যা- ছ্যা- ছ্যা- বদমাশ কোথাকার – জীবনে কত মেয়ের সাথে প্রেম করেছিস তুই ?

সব্য: বেশী না স্যার, বেশী না – এই তো – কাকলি, আরতি, মালতি, নিপা, সুতপা, বিদিশা, অনামিষা –

যম: ব্যাস –

সব্য: না, সুপর্ণা, অপর্ণা, রিঙটি, বিন্তি, রিয়া, দিয়া, পিয়া, জাগ্রিতি, সুপ্রিতি, আসক্তি, দুটো সাঁওতালিনি, তিনটে ঝি আর পুঁটি –

প্রসুন: মান্তকে বা-বা-বাদ দিলি ?

সব্য: ওটা "টু ডু" লিস্টে আছে –

যম: পুঁটি কে ?

কমল: অষ্টাদশী তন্বী –

প্রসুন: ব-ব-ব-বহ্নিশিখা !!

যম: বা ব্বা ! তা আর কেউ আছে ?

সব্য: ইয়ে – আর মানে – আর শুধু পুঁটির মা !

যম: ছ্যা- ছ্যা- ছ্যা- হতভাগা! তোর তো নরকেও জায়গা হবে না !

সব্য: বেশ তো স্যার!! তাহলে ট্রেনটা ঘুরিয়ে নিয়ে এসপ্ল্যানেড নিয়ে চলুন না –

যম: না-না না ! তোর মত লোকের জায়গা হচ্ছে – নরাধমপুর –

কমল: ওটা আবার কোন স্টেশন ?

যম: ওটাই যম লাইনের লাস্ট স্টেশন ।

সব্য: ইয়ে যম স্যার, আপনি কিন্তু বলেছিলেন, সত্যি কথা বললে ছেড়ে দেবেন –

যম: ছেড়ে দেব কি না পরে দেখব – এখন যা ওখানে গিয়ে বস । এই এবার তুই আয় –

প্রসুন: আ-আ-আমি স্যার ?

যম: হ্যাঁ তুই – আমার রিপোর্ট বলছে তোর হাতের দোষ, কিন্তু আমি তো দেখতে পাচ্ছি তোর জিভের দোষ –

প্রসুন: য-য- যম স্যার, আপনি আমার প্রা- প্রা- প্রাণ নিতে পারেন কিন্তু এইভাবে – আমাকে ই-ই-ই-ইন্সাল্ট করতে পারেন না –

কমল: হ্যাঁ, কানাকে যেমন কানা বলতে নেই, খোঁড়াকে যেমন খোঁড়া বলতে নেই, তেমনি –

প্রসুন: তেমনি তো- তো- তো- তো- তো- তো- তো-

কমল: তোতলাকে তোতলা বলতে নেই

যম: ঠিক আছে, অন্যায় হয়ে গাছে, প্র- প্র- প্রসূন বাবু – বল তোর কিরকম হাতের দোষ ?

প্রসুন: জা-জা-জানি না তো স্যার !

যম: হাতের দোষ – হাতের দোষ – কি হতে পারে – তুই কি খুব উপর হাত ?

কমল: মোটেই না, শালা হেভি কিপটে –

যম: হাতের দোষ – হাতের দোষ – তুই কি হাতাহাতি করিস ?

প্রসুন: না [বন্ড থিম বাজে]

সব্য: স্যার, আপনি যম না জেমস বন্ড ?

যম: চোপ ! – হাতের দোষ – হাতের দোষ – তুই কি হাতড়ে হাতড়ে চলিস ?

প্রসুন: না নানা, ওসব কি – কি কিছু না । আমার একটু হা-হা-হা-হাতটানের দোষ আছে –

সব্য: এই শালা, আমার কিছু ঝাড়িস নি তো ?

প্রসুন: আজ শুধু ওই দ- দ- দশটাকা ঝেড়েছি, ওই চা খাবার সময় –

যম: তোর তো দেখছি অভ্যেস টাই পাপ –

প্রসুন: [কেঁদে] আমি কি – কিছু করি না স্যার, এই আমার হা-হাত দুটোই যা করার করে – ছোটবেলার অভ্যেস, পা- পা- পালটাতে পারি নি – [কাঁদে]

যম: আচ্ছা, আচ্ছা কাঁদিস না, – তোর ক্ষেত্রে পাপটা অবশ্য চুরিই হবে – তা বল বাবা, সারা জীবনে কি জঘন্য চুরি করেছিস ?

প্রসুন: [কেঁদে] জানি না, অ-অত কথা কি মনে থাকে? জানেন না তো – তোতলাদের মেমরি শর্ট হয় –

যম: তাই নাকি? এটা তো জানতাম না –

প্রসুন: হ্যাঁ –

যম: আচ্ছা, তুই তাহলে বল যে গত এক বছরে তুই কি জঘন্য চুরি করেছিস ?

প্রসুন: ম-মনে নেই –

যম: আচ্ছা, তুই তাহলে গত এক মাসে কি জঘন্য চুরি করেছিস ?

প্রসুন: ম-মনে নেই –

যম: আচ্ছা, তুই তাহলে গত এক সপ্তাহে কি জঘন্য চুরি করেছিস ?

প্রসুন: ম-মনে নেই –

যম: আচ্ছা ঝামেলায় পড়া গেল!! আচ্ছা, তুই তাহলে বল, আজ কি জঘন্য চুরি করেছিস ?

সব্য: ওতো বলল, যে আজ আমার থেকে ও দশ টাকা ঝেড়েছে –

প্রসুন: ও-ও-টা জ-জঘন্য নয় –

সব্য: এই শালা কার ঝেড়েছিস তাহলে ?

কমল: কি ঝেড়েছিস তাহলে ? আমার না তো? [সবাই পকেট চেক করে]

প্রসুন: ন-না না –

সবাই: তাহলে কার?

প্রসুন: (যমের দিকে তাকিয়ে) আ-আপনার!!

যম: আমার থেকে চুরি করেছিস ? হতভাগা, তুই যমের পকেট মেরেছিস ? কি চুরি করেছিস ?

প্রসুন: এই আপনার মা-মানিব্যাগ!!

যম: হতভাগা !!

প্রসুন: এই হল য- যমালয়ের চাবি !!

যম: হতভাগা !! আমার আপিসের চাবি ঝেড়ে দিয়েছিস ?

প্রসুন: আর এই এক বা-বান্ডিল বিড়ি !!

সব্য: যম স্যার, আপনি বিড়ি খান !!

যম: চোওপ !!

অনীল: এবার তো আমার পালা ?

যম: হিসেব তো তাই বলে, কিন্তু –

সব্য: অনীল কোনও পাপ করে নি, যম স্যার –

যম: আমার রিপোর্ট ও তাই বলছে, কোন খারাপ কথা লেখা নেই তাতে – রাতের বেলায় গাড়ীর গ্যারাজে চাকরি করে সংসারএ সাহায্য করে, আবার লেখাপড়াও করে – সবই তো ভাল ভাল কথা লেখা!! তাহলে যমের শমন এল কেন ? কিছু একটা গণ্ডগোল হচ্ছে বলে মনে হচ্ছে – বুঝেছি – এই তোদের মত অপগন্ড ছেলেদের সঙ্গে বন্ধুত্ব করাই হচ্ছে একটা পাপ –

অনীল: না যম স্যার, পাপ আমার আছে . . .

কমল- প্রসুন- সব্য: ছেড়ে দে না অনীল!!

অনীল: না না, বলতে দে আমায় – আসলে আমাদের প্রত্যেকেরই কিছু না কিছু খারাপ অভ্যেস আছে। সেই অভ্যেস, সৎ মূল্যবোধ আর কঠিন বাস্তবের সঙ্গে মানিয়ে না চললেই আমরা করে ফেলি পাপ। সে পাপ কখন সামান্য, কখন জঘন্য, কখন বা সামান্য পাপের ফল হয় জঘন্য। আমার একটা খারাপ অভ্যেস ছিল – আমার পড়াশোনার ব্যাপারে সবাইকে আমি তটস্থ করে রাখতাম। পরীক্ষার সময় বাড়ীর লোক আমার ভয়েতে কথা পর্যন্ত বলতে পারত না।

সব্য: তাতে অসুবিধার কি আছে ? এরকম তো অনেকেই হয় –

কমল: (সায় দিয়ে) হ্যাঁ –

অনীল: আমার একটা ছোট বোন ছিল, ফুটফুটে – এত সুন্দর কথা বলত! কিন্তু জন্ম থেকে অভিশাপের মত ছিল তার ভয়ানক হাঁপানি – আমার মাধ্যমিকের সময় পরীক্ষা দিতে যাব, এমন সময় আমার বোনের টান উঠল – টান উঠলেই তাকে ব্রিদিং পাম্প আর ওষুধ দিতে হত – কদিন আগে সে ওষুধটা ফুরিয়ে গিয়েছিল – বাবার তখন প্রতিদিন ফ্যাক্টরি থেকে মজুরি সেরে ফিরতে অনেক রাত হত, মা আমাকে ভয়ে আর কিছু বলে নি – মা তখন বলল, "পরীক্ষা দিতে যাওয়ার আগে দ্যাখ তো দোকানে গিয়ে ওষুধটা পাস কি না – বেশী দেরি হলে পরীক্ষা দিতে চলে যাস " – ওষুধের দোকানে গিয়ে অনেক ভিড় – পরীক্ষা শুরু হতে তখন আর পাঁচ মিনিট বাকি আছে – আমি পরীক্ষা দিতে চলে গিয়েছিলাম, – আমি পরীক্ষা দিতে চলে গিয়েছিলাম, যম স্যার (কান্নায় ভেঙ্গে পরে) আমি পরীক্ষা দিয়ে আমি যখন ফিরি আমার বোনটা আর তখন আর – (কান্না)

কমল: ছেড়ে দে না অনীল !!

সব্য: এতে তোর কোন দোষ নেই অনীল!!

[সবাই অনীলকে ঘিরে সান্তনা দিতে থাকে, ইতিমধ্যে, যম আবার চাদর গায়ে দিয়ে বৃদ্ধর রূপে ফিরে যায়]

সবাই: একই যম স্যার!!

বৃদ্ধ: কিসের যম ?

সবাই: এতক্ষণ যে আমরা –

বৃদ্ধ: তোমরা যে গানটা গাইছিলে না – অনেকদিন আগে সেটা রেডিও তে হত – চলি ভাই – হা হা হা – মাথার ঘন চুল যখন মরুভূমি হয়ে যায়, ওয়েসিস নিয়ে আসে মরূদ্যান মেঘের ছায়ায়, মেঘের ছায়ায় –

[ট্রেনের পিএ তে ঘোষণা শোনা যায়, "স্টেশন, এসপ্লানেড, প্লাটফর্ম ডানদিকে পড়বে ..."]

– – সমাপ্ত – –

Member Directory

Last name	Name	Email address
Bandyopadhyay	Debalina/Krisanu	debalina@umich.edu, krisanu@umich.edu
Bandyopadhyay	Kisa/Babu	kisa_b@yahoo.com, babubandy@yahoo.com
Banerjee	Alokparna/Anupam	banerjeeanupam1987@gmail.com, bandyopadhyay.alokparna@gmail.com
Bhadra	Dr Utpal	rnaiindia@gmail.com
Bhattacharya	Namita/Bhanu	bhanu_42519@yahoo.com, nparia@hotmail.com
Bhowmick	Mithun/Priti	mithun.bhowmick@gmail.com, pritibhowmick41@gmail.com
Biswas	Barnali/Roy Arijit	barnali.biswas198809@gmail.com, arijitroy6@gmail.com
Biswas	Souvik/Pallavi	souvikdipon@gmail.com
Biswas	Tania/Kuntal	taniabiswas123@gmail.com, kuntalbiswas123@gmail.com
Bose	Shruti	shruti_bose@hotmail.com
Chaki	Sulalita/Prabudhha Mukherjee	sulalita.chaki@gmail.com, prabmukh@gmail.com
Chakraborty	Niladri/Semanti	meniladri@gmail.com, semanti.c4@gmail.com
Chakravarty	Saursish/Sananda	saurish@umich.edu
Choudhary	Lalita/Ajay	ajaychoudhary@hotmail.com, ajaylalit@gmail.com
Chowdhury	Prahlad/Maitreyee	Prahlad.c@gmail.com, misthi1983@gmail.com
Das	Snighdha/Animesh	das_snigdha@yahoo.com, das_animesh@yahoo.com
Das	Subhomoy/Dipa	Subhamoy.Das0710@outlook.com
Das	Sudipta/Baishali	sudipto.impmail@gmail.com, baishali.ju@gmail.com
Das/Mollick	Binoy/Monidipa	dbinoy@gmail.com, monidipa.mollick@gmail.com
Dasgupta	Subhasree/Rudra Sen	subhasreedasgupto@gmail.com
Dastidar	Anamika/Abhijit	abhijit_dastidar@hotmail.com, adutta1@ford.com, anamikadastidar@gmail.com
Dattagupta	Fanny/Twish	fanny_joy@yahoo.com, fannyraina@yahoo.com
Deb	Koushik/Smita	kaushikdev@gmail.com, ksmitadeb@gmail.com
Dutta	Bhaswar/Sharmistha Saha	bhaswar.dutta@gmail.com, saha.sharmi@googlemail.com
Ganguly	Angshuman/Ananya	anshumanganguly.bit@gmail.com, an_anya@live.com
Ghose	Amit/Rita	ghoseamit @hotmail.com
Ghosh	Mahua/Abhijit	abhij98@yahoo.com, ghosha@umich.edu
Ghosh	Biswajit	ghoshb@outlook.com
Ghosh	Monoj/Varsha	mghosh07@gmail.com
Ghosh	Akash	099akash@gmail.com
Ghosh	Indrani/Dipak	ghosh_dipak@hotmail.com, ghosh_indrani@hotmail.com
Ghosh	Siddartha/Banashree	Sghosh16@gmail.com, Banashree_n @yahoo.co.in
Ghosh	Piki/Rana	ghosh111@gmail.com
Guha	Debajit	2gdav22@gmail.com
Kundu	Kadambari/Sourav	sourav.kundu@live.com, kadamborib@gmaik.com
Kusari	Arpan/Satabdi	arpan.kusari@gmail.com
Mahanta	Rituparna/Subrata	mahanta@gmail.com, subrataindia02@yahoo.com
Meheria	Priyanka/Biswajit	meharia@gmail.com

Member Directory

Last name	Name	Email address
Mitra	Mukul/Ginni	mukul_mitra@yahoo.com
Mondal	Mukulesh	mukuleshm@gmail.com
Mukherjee	Pradipta/Kasturi	pradipta.mukherji@gmail.com, kasturimukh@gmail.com
Mukherjee	Abhishek/Ranita	ovishek614@gmail.com, abhi65205@gmail.com
Mukherjee	Sandip/Soma	iamsumimukherjee@gmail.com, mukherjee.iam@gmail.com
Mukherjee	Souvik/Chandra Ananya	souvik006@gmail.com, ananyachandra10@gmail.com
Mukherjee	Soma	somamu245@gmail.com
Mukherjee	Shakti	s_muerjee@msn.com
Mullick	Mona	Monamullick7@gmail.com
NATH	Shomnath/Shweta	nath.shom1@gmail.com, shwetarai006@gmail.com
Pal	Chayanika/Dipankar	chayanikapal@gmail.com, dipan16@gmail.com
Panda	Madhuri/Nilmadhaba	madhuripa123@gmail.com, tripathy.nil@gmail.com
Pharikal	Debadeep/Bipasha	debadeep.pharikal@gmail.com, itsbips@gmail.com
Pradhan	Anindita	aninditapradhan@hotmail.com
Rakhit	Sabita/Deb	sobi_deb@yahoo.com
Rakshit	Joyonta/Shilpi	r.jayanta@gmail.com,shilpirakshitadd@gmail.com
Ray	Indranil/Manisha	indranil.ray2007@gmail.com, Manisha.chakraborty23@gmail.com
Ray	Deepika/Santanu	rayline@sbcglobal.net
Ray	Suchitra/Debashish	debashishrays@gmail.com, ray.suchitra@gmail.com
Ray	Vishva	vishvapriyoray@gmail.com
Roy	Mitra/Partho	mroy797@yahoo.com, partha.p.roy@gmail.com
Roy	Anjali/Biplab	vipluv_R@yahoo.com, anjaliroy@hotmail.com
Roy	Sharmishta	sharmishtaroy21@gmail.com
RoyChowdhury	Sanjib/Selvi	chowdhuryus@yahoo.com
Saha	Papiya/Debashis	debsaha_1971@yahoo.com, papiyasaha_1972@yahoo.co.in
Sarkar	Abhijit/Sujata	axsarkar@gmail.com, sujata_c@hotmail.com
Sarkar	Jhumpa/Pritam	pritam123sarkar@gmail.com, jhumpa123das@yahoo.com
Sarkar	Rituparna/Suvadip Mukherjee	ritu.ju.bee@gmail.com, suvadip21@gmail.com
Sarkar	Ananya/Anirban	anirban77sarkar@gmail.com, ananyablr@gmail.com
Sarkar	Norma/Ashish	adsarkar48@gmail.com
Sarkar	Sandip/Sampa	sarkarsrss@yahoo.co.in
Sarkar	Mainak/Debrupa	sarkmain@gmail.com, debrupa.siu@gmail.com
Sen	Jayeeta/Jishnu	senjayeetajishnu@gmail.com, senpampi@gmail.com
Shankar	Anushree/Vishnu	anushree_shankar@yahoo.com, vish_ace@yahoo.com
Sinha	Sourish/Ridipta	sourishss@gmail.com, ridiptasinha@gmail.com
Talukder	Mousumi/Ashim	mousumi_t@yahoo.com, ashim_t@yahoo.com, ashim.talukder@gmail.com
Thakurta	Sahana/Kuntal	kthakurta@hotmail.com, shahanathakurta@yahoo.com




Contributor – Debadeep Pharikal

একটি ছোট্ট চাবির ছিদ্র আর ওপারে ইতিহাসের অনন্তকাল।।

Aventine Keyhole – One keyhole, two countries – Rome on one side, Vatican City on the other.

Phire Dekha – Durga Puja 2025-26














Phire Dekha – Saraswati Puja 2026



Phire Dekha – Swajan Picnic 2026



Phire Dekha – Rabindra Jayanti 2026



Compliments from



Compliments from



Compliments from



Compliments from



Compliments from



Compliments from



*Serving the community for over **30** Years providing a comfortable and friendly atmosphere for the entire family*

FREE CONSULTATION!!

For Appointment Call

248-471-5534

Evening and Weekend Hours Available
Most Insurance Accepted

Services Offered:

- *Cleanings*
- *Fillings*
- *Root Canals*
- *Crowns and Bridges*
- *Dentures*
- *Braces*
- *Extractions*

.... and many more

WRITE A REVIEW ON GOOGLE TO WIN A FREE

ELECTRIC TOOTHBRUSH (Worth $150)

SIRAJ R. BAIG, DDS, PC & ASSOCIATES
23304 Orchard Lake Road, Farmington Hills, MI 48336
sirajbaigdds@yahoo.com
www.sirajbaigdds.com
www.facebook.com/DrSirajBaig
Ph: **248-471-5534**

Compliments from



Compliments from

Wish You all a Very Happy Durga Puja

Samyuktha Madishetty M.D.

Board Certified in internal Medicine

Now welcoming New Patients
Accepting most Insurances
Can Communicate in Hindi and Telugu
Affiliated to Beaumont/Corewell Health Hospitals

24100 Oxford Street
Dearborn, MI 48124
Phone 313-561-3000

Compliments from



Compliments from



Compliments from



Compliments from



Compliments from

25 YEARS LEADING THE MORTGAGE RATE IN MICHIGAN

A Best Financial Corporation

- THE LOWEST RATES IN MICHIGAN OVER THE LAST 25 YEARS
- HIGH QUALITY WORK FROM START TO FINISH, GUARANTEED TO CLOSE ON TIME
- 24/7 SUPPORT ALL THE WAY TO CLOSING
- FREE IN-HOUSE MORTGAGE CONSULTATION AND PRE-APPROVAL
- WE OFFER: CONV, VA, FHA, JUMBO, NO INCOME, FOREIGN NATIONAL
- WE WILL BEAT ANY RATE IN THE COUNTRY

A Best Financial Corporation

NMLS #138461

Contact: Bing Guo NMLS #138564
Phone: 734-476-4427
Address: 42180 Ford Rd Suite 307, Canton, MI 48187
Web: www.abestfinancial.com
Email: rt48bg@gmail.com


আশ্বিনের
শারদ
প্রাতে...
©Pallavi Banerjee